



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।  
ফোনঃ ০৩৩১-৬১৮৮৮ ফ্যাক্সঃ ০৩৩১-৬১৮৮৮  
Email: fci\_bd@yahoo.com website: www.fci.gov.bd

ফেকই/প্রশাঃ/(খন্ডকালীন নিয়োগ)/২০১৮-৪৩৬২

তারিখ-১৬/০৭/২০১৮খ্রিঃ


## নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনীতে নিম্ন ছকে বর্ণিত পদের পার্শে উল্লেখিত যোগ্যতা অনুযায়ী খন্ডকালীন অতিথি শিক্ষক এর শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা, প্রয়োজনীয় অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

ক্রঃনং	পদের নাম	পদ সংখ্যা	বেতন	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
০১	খন্ডকালীন অতিথি শিক্ষক (হিসাববিজ্ঞান বিষয়)	০১টি	বেতন আলোচনা সাপেক্ষে	সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ (মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২) বৎসর	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।
০২	খন্ডকালীন অতিথি শিক্ষক (সিএসটি)	০১টি	(প্রতিষ্ঠানের বেসরকারী খাত হতে প্রদেয় হবে)		সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী/ডিপ্লোমা।

### শর্তসমূহ :

- আবেদন গ্রহণ ১৬/০৭/২০১৮ খ্রিঃ তারিখ হতে ১৯/০৭/২০১৮ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা প্রদান করতে হবে।
- অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদেয় কোন তথ্য বা কাগজ পত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুল প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিম্নবর্ণিত কাগজ পত্রাদির অনুলিপি নূন্যতম ৯ম গ্রেডের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা প্রদান করতে হবে।  
ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদ পত্র, অভিজ্ঞতা (যদি থাকে) এবং প্রশিক্ষণ এর সত্যায়িত কপি।  
খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়াম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।  
গ) মুক্তিযোদ্ধাকৌটায় আবেদনকারী প্রার্থী ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার এর মুক্তিযোদ্ধা সনদপত্র।
- উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃক পক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।
- প্রার্থীকে পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

  
(মোহাম্মদ বিহান উদ্দিন)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট  
ফেনী।